হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের জানুয়ারি, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

সভার তারিখ ঃ ২৭ জানুয়ারি ২০২২ সময় ঃ বেলা ১১:০০ ঘটিকা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার হাজিরা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণের জন্য এটা প্রথম সভা। তিনি উপজেলা পরিষদের পক্ষ হতে নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানদিগকে স্বাগত জানান । এ পর্যায়ে পরিচিতি প্রদানের অনুরোধ করা হলে একে একে সকলের সাথে পরিচিত হন। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ২৩.১২.২০২১ খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর এর প্রতিনিধি বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক কর্মসূচির (এডিপি) ইউনিয়নসমূহ হতে প্রাপ্ত প্রকল্পগুলো যাচাই-বাছাই কমিটির সভায় বাছাই করা হয়েছে। স্কীম বাছাই কমিটি কর্তৃক যাচাইকৃত নিম্নেবর্ণিত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন।	যাচাই বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত নিম্নেবর্ণিত প্রকল্প তালিকা সভায় সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। দ্রুত প্রকল্পগুলো বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী/ চেয়ারম্যান,ইউপি(সকল), হবিগঞ্জ সদর

২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) অনুমোদিত প্রকল্পের তালিকা

ক্রমিক নং	নাম	খাতের নাম	বরাদ্দের পরিমাণ	মন্তব্য
	১ নং লোকড়া ইউনিয়ন			
১	বামকান্দি দক্ষিণ ৬ নং ওয়ার্ড ১ নং লোকড়া সওদাগর মিয়ার বাড়ির রাস্তায় গাইড ওয়াল নির্মাণ	পরিবহন ও যোগাযোগ	২০০০০০.০০	টেন্ডার
২	৭নং ওয়ার্ড ধল ইদ্রিছ মিয়ার বাড়ির পাশে রাস্তায় গাইড ওয়াল র্নিমান	বস্তুগত অবকাঠামো	১০০০০০.০০	টেন্ডার
৩	৬ নং ওয়ার্ড দক্ষিন বামকান্তি লন্ডনী বাড়ীর সামনে রাস্তায় গাইড ওয়াল র্নিমান	বস্তুগত অবকাঠামো	১০০০০০.০০	টেন্ডার
		উপ-মোটঃ	৪০০০০০.০০	-
	২ নং রিচি ইউনিয়ন			
৪	ক) ৩নং ওয়ার্ডে রিচি সাগরকোনা মোকামবাড়ী সংলগ্ন মসজিদের পুকুরে ঘাটলা নির্মান,খ) ৩নং ওয়ার্ডে রিচি সাগরকোনা সুহেল মিয়ার বাড়ীর সামনে ০১টি বক্স কালভার্ট নির্মাণ	বস্তুগত অবকাঠামো	২৫০০০০.০০	টেন্ডার
৫	৬নং ওয়ার্ডে দুর্লভপুর গ্রামে চেযারম্যান বাড়ীর সামনের পুকুরের অসম্পন্ন গাইড ওয়াল সম্পন্ন করন	বস্তুগত অবকাঠামো	১৫০০০০.০০	টেন্ডার
		উপ-মোটঃ	৪০০০০০.০০	
	৩নং তেঘরিয়া ইউনিয়ন			
৬	শিয়ালদারিয়া ফিরোজ মিয়ার পুকুর পাড়ে রাস্তার পাশে গাইড ওয়াল নির্মান	বস্তুগত অবকাঠামো	১০০০০০.০০	টেন্ডার
৭	রামপুর এলজিইডি রাস্তা হতে মনির মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা আরসিসি ঢালাই দ্বারা উন্নয়ন	পরিবহন ও যোগাযোগ	৩০০০০০.০০	টেন্ডার
		উপ-মোটঃ	৪০০০০০.০০	-
	৪ নং পৈল ইউনিয়ন			
৮	পইল পশ্চিম গাড়া মাতৃমঙ্গলের সামনে রাস্তায় গাইড ওয়াল নির্মান	বস্তুগত অবকাঠামো	১৫০০০০.০০	টেন্ডার

ক্রমিক নং	নাম	খাতের নাম	বরাদ্দের পরিমাণ	মন্তব্য
৯	দক্ষিন পৈল ও আউশ পাড়া কমিউনিটি ক্লিনিকে স্টীলের আলমিরা সরবরাহ করন	স্বাস্থ্য ও সমাজ কল্যান	৫০০০০.০০	টেন্ডার
১০	লামাপইল নুর মিয়ার বাড়ি হতে কবরস্থান পর্যন্ত রাস্তা ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
১১	আছিপুর শাহজাহান (পিতা-মো:জিতু মিয়া) মিয়ার বাড়ির নিকট উন্মুক্ত স্থানে গভীর নলকূপ স্থাপন	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
		উপ-মোটঃ	৪০০০০০.০০	
	৫ নং গোপায়া ইউনিয়ন			
১২	৯নং ওয়ার্ডে রায়ধর এলজিইডি রাস্তা হইতে রায়ধর জামিয়া সাদিয়া মাদ্রাসা পর্যন্ত রাস্তা ইট সলিং/এইচবিবি দ্বারা উন্নয়ন	পরিবহন ও যোগাযোগ	২০০০০০.০০	টেন্ডার
১৩	৪নং ওয়ার্ডে ভাদৈ বাইপাস রাস্তা হইতে শাহীন মিয়ার বাড়ির রাস্তায় সলিং দ্বারা উন্নয়ন।	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
১৪	৫নং ওয়ার্ডে তেতৈয়া ভূমি অফিস হইতে আ: জব্বার মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় ইট সলিং দ্বারা উন্নয়ন	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
		উপ-মোটঃ	৪০০০০০.০০	
ক্রমিক নং	নাম	খাতের নাম	বরাদ্দের পরিমাণ	মন্তব্য
	৬ নং রাজিউড়া ইউনিয়ন			
১৫	চারিনাও বিলাল মিয়ার বাড়ীর কোনা হইতে মর্তুজ আলীর বাড়ীর কোনা পর্যন্ত রাস্তায় সিসি ঢালাই	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
১৬	চারিনাও বাবুল মিয়ার বাড়ীর কোনা হইতে বাদরপুর কবরস্থান পর্যন্ত রাস্তা সিসি ঢালাইকরণ	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
১৭	শংকরপাশা জারু মিয়ার বাড়ীর কোনা হইতে এলজিইডি রাস্তা পর্যন্ত ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
১৮	রতনপুর আহমদ আলীর বাড়ীর কোনা হইতে হবি রহমানের বাড়ী পর্যন্ত রাস্তায় ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
		উপ-মোটঃ	৪০০০০০.০০	
	৯নং নিজামপুর ইউনিয়ন			
১৯	৪নং ওয়ার্ডের রতনপুর গ্রামের কবির মিয়ার বাড়ীর সম্মুখে রাস্তায় একটি ব্রীজ কালভার্ট	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
২০	২নং ওয়ার্ডের সৈয়দপুর গ্রামের সিরাজ মেম্বারের বাড়ী হইতে মুমিন মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তায় ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
২১	৫নং ওয়ার্ডের সুকড়িপাড়া গ্রামের রহিম উদ্দিনের জমির নিকট হইতে ঐ গ্রামের গফুর মিয়ার বাড়ীর সম্মুখ পর্যন্ত রাস্তায় ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
২২	১নং ওয়ার্ড পাইকপাড়া গ্রামের মুছাব্বির খানের বাড়ি হইতে সবুজ খানের বাড়ী পর্যন্ত এবং আঃ আউয়ালের বাড়ি হইতে আ: হাই সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তায় ইট সলিং ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
		উপ-মোটঃ	৪০০০০০.০০	
	১০নং লস্করপুর ইউনিয়ন			
২৩	সুঘর কৃষরামপুর গ্রামের রাস্তা ইট সলিং করন	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
২৪	হামিদপুর গ্রামের স্কুলের পিছনের পুকুরের উত্তর পার্শ্বের গাইড ওয়াল নির্মান	বস্তুগত অবকাঠামো	১০০০০০.০০	টেন্ডার
২৫	রামনগুর ছুরত আলী মাজার হইতে খেলু মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তায় ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
২৬	নোয়াবাদ মন্নর আলীর বাড়ীর নিকট রাস্তায় ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
		উপ-মোটঃ	৪০০০০০.০০	-
	ভাইস চেয়ারম্যান			
২৭	কাশিপুর মসজিদের পাশে গাইডওয়াল নির্মান	বস্তুগত অবকাঠামো	৫০০০০.০০	টেন্ডার
২৮	সুলতানমামুদপুর এলজিইডি রাস্তা হইতে ফারুক ভান্ডারীর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করন	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
২৯	লস্করপুর ইউপি'র সুলতানশী গ্রামে ১টি, পইল ইউপি আউশপাড়া গ্রামে ১টি ও নোয়াবাদ গ্রামে ১টি ড্রেন কালভার্ট নির্মান।	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার

৩০	পইল ইউপি পইল হাই স্কুলের সামনে হইতে ফকির দরবেশ আলীর বাড়ি পর্যন্ত ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	৫০০০০.০০	টেন্ডার
৩১	হবিগঞ্জ সদর উপজেলার বিভিন্ন স্থানে টিউবওয়েল স্থাপন	জনস্বাস্থ্য	২০০০০০.০০	পিআইসি
		উপ-মোটঃ	৫০০০০০.০০	
	ভাইস চেয়ারম্যান (মহিলা)			
৩২	লস্করপুর ইউপির রাস্তা হইতে চরহামুয়া নারায়নপুর মতিন তহশীলদার সাবের পুরান বাড়ীর সামনের রাস্তায় ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
৩৩	লস্করপুর ১নং ওয়ার্ড মশাজান আবুবকর (রাঃ) মসজিদের সামনের পুকুরে গাইড ওয়াল	বস্তুগত অবকাঠামো	১০০০০০.০০	টেন্ডার
৩৪	গোপায়া ইউপি রাঙ্গেরগাঁও পীর সাহেবের বাড়ি হইতে জায়েদিয়া হাফিজিয়া মাদ্রাসা পর্যন্ত রাস্তায় ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
৩৫	সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে অগভীর নলকূপ স্থাপন	জনস্বাস্থ্য	২০০০০০.০০	পিআইসি
		উপ-মোটঃ	৫০০০০০.০০	
	উপজেলা চেয়ারম্যান			
৩৬	লোকড়া ইউপির ৯নং ওয়ার্ড পশ্চিম ফান্দ্রাইল জামে মসজিদের সামনের রাস্তার দু'পাশে গাইড ওয়াল নির্মাণ(১০'X ১') এবং পুরাতন গাইড ওয়ালের অসমাপ্ত কাজ সমাপ্ত করন(৪০' X ১')	বস্তুগত অবকাঠামো	১৮০০০০.০০	টেন্ডার
৩৭	লোকড়া ইউপির ৮নং ওয়ার্ড সাবেক চেয়ারম্যান রইছ মিয়ার বাড়ীর সামন হতে পশ্চিমে আহাদ মিয়ার বাড়ী পর্যন্ত ইট সলিং এবং রইছ মিয়ার বাড়ীর সামনে ০১টি বক্স কালভার্ট	পরিবহন ও যোগাযোগ	২২০০০০.০০	টেন্ডার
৩৮	লোকড়া ইউপির ৮নং ওয়ার্ডে আশেরা স্কুলবাড়ীর এলজিইডির মেইন রাস্তা হতে মশ্বব আলীর বাড়ীর সামন হয়ে পুরাতন ইটসলিং পর্যন্ত	পরিবহন ও যোগাযোগ	১২০০০০.০০	টেন্ডার
৩৯	লোকড়া ইউপির ৭নং ওয়ার্ডে হবিগঞ্জ লাখাই রোড ধল তেমুনি হতে ধল গ্রামে জামে মসজিদ পর্যন্ত ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১৯০০০০.০০	টেন্ডার
৪০	লোকড়া ইউপির ৩নং ওয়ার্ড গোপালপুর গ্রামে ওয়াবদার বাধ হতে দঃ পাড়া জামে মসজিদ পর্যন্ত ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১৬০০০০.০০	টেন্ডার
৪১	২নং ওয়ার্ডের চরগাও গ্রামে জাহাঙ্গির এর দোকান হতে কাইয়ুম এর দোকান পর্যন্ত গাইড ওয়াল নির্মাণ	বস্তুগত অবকাঠামো	১৪০০০০.০০	টেন্ডার
৪২	তেঘরিয়া ইউপির ২নং ওয়ার্ডের মক্তবের সামন হতে সিকারপুর বাজারপর্যন্ত ইটসলিং	পরিবহন ও যোগাযোগ	১৪০০০০.০০	টেন্ডার
৪৩	তেঘরিয়া ইউপির ৭নং ওয়ার্ডের পাচপাড়িয়া গ্রামের এলজিইডির রাস্তা হতে কবর স্থান পর্যন্ত ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১৫০০০০.০০	টেন্ডার
৪৪	তেঘরিয়া ইউপির ৭নং ওয়ার্ডে তৈয়ব আলীর বাড়ী হতে এলজিইডির রাস্তা পর্যন্ত গাইড ওয়াল ও এলজিইডি রাস্তা হইতে লতিফ মিয়ার বাড়ির রাস্তায় গাইড ওয়াল নির্মান	বস্তুগত অবকাঠামো	১৩০০০০.০০	টেন্ডার
৪৫	তেঘরিয়া ইউপির টঙ্গিরঘাট হাজী তৈয়ব আলীর বাড়ীর সামন হতে ইটসলিং ও তাইদ উল্লার বাড়ীর সামন পর্যন্ত ইটসলিং	পরিবহন ও যোগাযোগ	১৮০০০০.০০	টেন্ডার
৪৬	রিচি ইউপির ৪নং ওয়ার্ডের কালনি গ্রামের এলজিইডির রাস্তা হতে কদর আলীর বাড়ীর রাস্তার সামন পর্যন্ত ইটসলিং	পরিবহন ও যোগাযোগ	১৭০০০০.০০	টেন্ডার
৪৭	রিচি ইউপির ৪নং ওয়ার্ডের এলজিইডির রাস্তা হতে রিচি হাইস্কুলের সামনের রাস্তা পর্যন্ত ইটসলিং	পরিবহন ও যোগাযোগ	১০০০০০.০০	টেন্ডার
৪৮	৬নং রাজিউড় ইউপির ৩নং ওয়ার্ডে সানাবই গ্রামের এলজিইডির রাস্তা হতে প্রাইমারি স্কুল হয়ে পুরাতন সলিং পর্যন্ত ইট সলিং ও মেরামত	পরিবহন ও যোগাযোগ	১৫০০০০.০০	টেন্ডার
৪৯	৬নং রাজিউড় ইউপির ৬নং ওয়ার্ডে চরিপুর গ্রামের এলজিইডির রাস্তা হতে আলাই মিয়ার বাড়ীর সামন পর্যন্ত ইট সলিং ও ১টি বক্স কালভার্ট নির্মাণ	পরিবহন ও যোগাযোগ	২০০০০০.০০	টেন্ডার
৫০	৬নং রাজিউড়া ইউপির ৩নং ওয়ার্ডের উচাইল শান্তিশা এলজিইডির রাস্তা হতে ভায়া আইন উল্লার বাড়ী পর্যন্ত ইট সলিং	পরিবহন ও যোগাযোগ	১৫০০০০.০০	টেন্ডার
৫১	উপজেলা বিভিন্ন ইউনিয়নের অসহায় দুঃস্থাদের মাঝে ঢেউটিন বিতরণ	আর্থ সামাজিক অবঃ	১৯০০০০.০০	পিআইসি
৫২	উপজেলরা বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন গ্রামে অসহায় গরীবদের মাঝে টিওবয়েল বিতরণ	জনস্বাস্থ্য	১৯০০০০.০০	পিআইসি

৫৩	উপজেলর বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন এলাকায় বিনোদনের জন্য খেলা সামগ্রী বিতরণ	যুব ক্রীড়া ও সংস্কৃতি	৮৫১৫০.০০	পিআইসি
	এডিপির কাজ বাস্তবায়নে আনুসাঙ্গিক মালামাল ক্রয়	বিবিধ	৩৩৮৯৭.৬৫	ভাউচার
		উপ-মোটঃ	২৮৭৯০৪৭.৬৫	
		সর্বমোটঃ	৭,০৭৯,০৪৭.৬৫	

০৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর
০৪	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বিনামূল্যে মাদ্রাসার জন্য প্রাপ্ত ১০০% বই বিতরণ সম্পন্ন করা হয়েছে। স্কুল পর্যায়ের প্রাপ্ত বই বিতরণ করা হয়েছে। অবশিষ্ট বই প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে।	বই যথাসময়ে সঠিকভাবে শিক্ষার্থীদের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান (সকল), হবিগঞ্জ সদর
০৫	শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, ২০২২ সনের সকল শ্রেণির নতুন পাঠ্যবই ১০০% পাওয়া গিয়েছে এবং বছরের ১ তারিখে বিতরণ করা হয়েছে। তিনি বলেন, চলতি বছরে ১০,০০০/- টাকা হারে ওয়াশ ব্লক মেরামত বাবদ ৬৪টি বিদ্যালয়ে, ৪০,০০০/- টাকা হারে ৯০টি বিদ্যালয়ে এবং ২ লক্ষ টাকা হারে ২২টি বিদ্যালয় ক্ষুদ্র মেরামত বাবদ এবং ১লক্ষ ৫০ হাজার টাকা হারে ৪টি বিদ্যালয়ের জন্য নীট ব্রেইজ এক্সেসরিজ বাবদ ৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। সভাপতি ইউপি চেয়ারম্যানগণকে স্ব স্ব এলাকার স্কুলের উন্নয়ন কাজের মান বজায় রাখার ক্ষেত্রে নজর রাখার জন্য অনুরোধ জানান।	ইউনিয়নাধীন স্কুলসমূহের উন্নয়ন কাজের মান বজায় রাখার ক্ষেত্রে নজর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান(সকল), হবিগঞ্জ সদর
০৬	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর বলেন, এ উপজেলার জন্য মোট ৩০৪টি টিউবওয়েল বরাদ্দ পাওয়া গিয়েছিল। তন্মধ্যে ২০১টি টিউবওয়েল ইনস্টল করা হয়েছে,৭২ টির পাম্প পরীক্ষার জন্য বুয়েটে প্রেরণ করা হয়েছে। সভাপতি বলেন, টিউবওয়েল বসানো নিয়ে নানান অভিযোগ পাওয়া যায়। কোন কোন টিউবওয়েল বসানোর পর ১ বছর অতিবাহিত হলেও পাটাতন পাকা করা হয়নি। ফলে এ নিয়ে জনগণের মধ্যে বিরুপ প্রতিক্রিয়া সৃষ্টি হচ্ছে। এটা মোটেই গ্রহণযোগ্য নয়। তিনি বলেন, সিন্ডিকেটের মাধ্যমে একই ঠিকাদার ঘুরেফিরে কাজ পেয়ে থাকে, এতে করে সঠিকভাবে যথাসময়ে কাজ সম্পন্ন না করে খেয়াল খুশিমত কাজ করে থাকে। এব্যাপারে মনিটরিং করে অসমাপ্ত কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।	যে সকল টিউবওয়েলের কাজ এখনও সম্পন্ন করা হয়নি, সে সকল টিউব ওয়েলের স্থান পরিদর্শন করত: দ্রুত কাজ সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর
০৭	সমাজসেবা বিভাগ	উপজেলা নির্বাহী অফিসার বলেন, এ উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস তৈরীর জন্য ১২টি ঘর নির্মাণের বরাদ্দ এসেছে। এর মধ্যে ৭টি গৃহের কাজ শুরু করা হয়েছে। উক্ত প্রকল্পসহ ইউনিয়নাধীন সকল উন্নয়নমূলক কাজের গুণগত মান বজায় রাখার স্বার্থে নজরদারী করার জন্য ইউপি চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ জানান।	সরকারি নীতিমালা অনুযায়ী ঘর নির্মাণের কাজ হচ্ছে কিনা এবং ইউনিয়নাধীন সকল উন্নয়নমূলক কাজের গুণগত মান বজায় রাখার স্বার্থে নজর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল)/ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর
০৮	পরিবার পরিকল্পনা বিভাগ	প্রতিনিধি, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, অফিসের কার্যক্রম	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার,

		স্বাভাবিকভাবে চলমান আছে।	হয়।	হবিগঞ্জ সদর
০৯	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর বলেন, তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। ১০৫টি সমবায় সমিতির মধ্যে ইতোমধ্যে ৭১টি সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এ উপজেলার চরহামুয়া আশ্রয়ন প্রকল্পের উপকারভোগীদের মধ্যে ঋন বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর
১০	মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর অনুপস্থিত থাকায় এ বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১১	যুব উন্নয়ন বিভাগ	সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১২	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর অনুপস্থিত থাকায় এ বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৩	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর
১৪	স্বাস্থ্য ও প: প: বিভাগ	মেডিকেল অফিসার,উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিস, হবিগঞ্জ সদর বলেন যে,কোভিড-১৯ এর টিকাদান কার্যক্রম অব্যাহত আছে। এ উপজেলায় ১ম ডোজ গ্রহণকারী ৬১% এবং ২য় ডোজ গ্রহণকারী ৪০%। বোস্টার ডোজ প্রদান চলমান আছে।	যথযথভাবে টিকাদান কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার, হবিগঞ্জ সদর
১৫	মহিলা বিষয়ক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা কর সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:),হবিগঞ্জ সদর
১৬	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৭	বিএডিসি (সেচ) বিভাগ	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ),হবিগঞ্জ সদর
১৮	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর শীত বস্ত্র/ত্রাণ সামগ্রী বিতরণের পূর্বে বিতরণের তারিখ উপজেলা চেয়ারম্যান,উপজেলা নির্বাহী অফিসার, ট্যাগ অফিসারসহ সংশ্লিষ্টদের অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যনগণকে অনুরোধ জানান।	শীত বস্ত্র/ত্রাণ সামগ্রী বিতরণের বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবগত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
১৯	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর বলেন, কোন কোন ইউনিয়নে ভিজিডি'র বরাদ্দকৃত খাদ্য শস্য প্রতি মাসে উত্তোলন না করে ২/৩ মাস জমা করে একত্রে উত্তোলন করেন। এটা সঠিক নয়। প্রতি মাসের বরাদ্দকৃত খাদ্য উত্তোলন করে বিতরণ করার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	বরাদ্দকৃত খাদ্য শস্য প্রতি মাসে উত্তোলন করে বিতরণ করতে হবে।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
২০	বিবিধ	(ক) আলহাজ্ব এমএ মোতালিব, চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি,হবিগঞ্জ সদর বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।		

		(খ) জনাব মোঃ বদরুল করিম দুলাল, চেয়ারম্যান, ৬ নং রাজিউড়া ইউপি, হবিগঞ্জ সদর বলেন, তাঁর ইউনিয়নে মোট ৪টি কাবিখা প্রকল্পের মধ্যে ২টির কাজ সম্পন্ন হয়েছে এবং ২টির কাজ চলমান আছে। উক্ত প্রকল্পগুলো পরিদর্শন করার জন্য তিনি অনুরোধ জানান।		
		(গ) জনাব আব্দুর রহিম, চেয়ারম্যান, ২ নং রিচি ইউপি বলেন, কতিপয় মাটির কাজের প্রকল্প গ্রহণ করা হয়েছে, কিন্তু বরাদ্দ পাওয়া যায়নি। সামনে বর্ষা মৌসুমে বৃষ্টিপাত হলে মাটির কাজ করা সম্ভব হবে না। উক্ত প্রকল্পসমূহের কাজ দ্রুত শুরু করার উপর তিনি গুরুত্বারোপ করেন। (ঘ) জনাব মোঃ কায়সার রহমান, চেয়ারম্যান, ১ নং লোকড়া ইউপি, হবিগঞ্জ সদর বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	(গ) বর্ষা মৌসুম আসন্ন বিধায় যে সকল মাটির কাজের প্রকল্প গ্রহণ ও মেজারমেন্ট করা হয়েছে। সে সকল প্রকল্পের কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(গ) ইউপি চেয়ারম্যান (সকল)/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
		(ঙ) জনাব মাহবুবুর রহমান আউয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর তাঁর ২০২০-২১ অর্থ বছরের মার্চ,২১ হতে জুন,২১ পর্যন্ত ভ্রমন ভাতা বিল ২৫,০০০/- টাকা এবং ২০২১-২২ অর্থ বছরের জুলাই,২১ হতে সেপ্টেম্বর,২১ পর্যন্ত ভ্রমন ভাতা বিল ২১,০০০/- টাকা এবং জনাব ফেরদৌস আরা বেগম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর ২০২০-২১ অর্থ বছরের মার্চ,২১ হতে জুন,২১ পর্যন্ত ভ্রমন ভাতা বিল ২৫,০০০/- টাকা এবং ২০২১-২২ অর্থ বছরের জুলাই,২১ হতে সেপ্টেম্বর,২১ পর্যন্ত ভ্রমন ভাতা বিল ২১,০০০/- টাকার বিল অনুমোদনের জন্য প্রস্তাব করেন।	(ঙ) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঙ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা প্রকৌশলী / উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,হবিগঞ্জ সদর
		(চ) উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক হবিগঞ্জ সদর উপজেলা পরিষদ হতে ০২ (দুই) জন গৃহহীনকে আশ্রয়ণ-২ প্রকল্পের প্রাক্কলন মোতাবেক গৃহ নির্মাণ করে দেয়ার জন্য বিগত ১৭.০৬.২০২১ খ্রিঃ তারিখের সভায় সিদ্ধান্ত নেয়া হয়। উক্ত প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করার উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন, মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের জন্য আশ্রয়ন-২ প্রকল্পের অধীন ৩য় পর্যায়ে গৃহ নির্মাণের লক্ষ্যে বরাদ্দকৃত অর্থে ৬ নং রাজিউড়া ইউনিয়নের রত্নপুর গ্রামে ২৯টি এবং গোপায়া ইউনিয়নের ভাদৈ গ্রামে ০৬টি গৃহ নির্মাণের কাজ প্রক্রিয়াধীন আছে। উক্ত প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। ইউনিয়নাধীন চলমান উন্নয়নমূলক প্রকল্পের কাজ সঠিকভাবে হচ্ছে কিনা; সেদিকে নজর রাখার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	(চ) স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত সময়ের মধ্যে গৃহ নির্মাণ কাজ সম্পন্ন করার এবং এব্যাপারে সকলে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়	(চ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, হবিগঞ্জ সদর

		এব্যাপারে জনসচেতনতা বৃদ্ধি করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে তিনি পরামর্শ প্রদান করেন।	জনসচেতনতা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
		(ছ) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, করোনার বিস্তার বৃদ্ধি পাওয়ায় পরবর্তী মাসিক সভা Zoom Application এ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। পরবর্তী সভায় যথাসময়ে সংযুক্ত হওয়ার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি বলেন, বার বার অনুরোধ করা হলেও অদ্যকার সভায় কতিপয় চেয়ারম্যান ও অফিস প্রধান অনুপস্থিত থাকায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, মাসিক সভায় সকলের উপস্থিত থাকা জরুরী। সকলের সহযোগিতা এবং সমন্বয়ের মাধ্যম কাজ করলে উপজেলার সার্বিক উন্নয়ন সাধিত হবে। তাই সকলের সাথে নিবিড় যোগাযোগ ও টিম ওয়ার্ক হিসেবে কাজ করার জন্য তিনি অনুরোধ জানান। পরবর্তী সভাসমূহে সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য তিনি আবারও আহবান জানান।	(ছ) উপজেলার সার্বিক উন্নয়নের লক্ষ্যে সকলের সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে টিম ওয়ার্ক হিসেবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সকল সদস্যকে নিয়মিত ভাবে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	(ছ) ইউপি চেয়ারম্যান (সকল)/অফিস প্রধান (সকল),হবিগঞ্জ সদর
		তিনি আরও বলেন, উপজেলা পরিষদের মালিকানাধীন উত্তর পাশের খালি জায়গা ১৪২৮ ও ১৪২৯ বাংলা সনের জন্য জনাব মো: শাহজাহান মিয়া পিতা শওকত মিয়া সাং বহুলা, হবিগঞ্জ সদর এর অনুকূলে ৬৫,০০০/- টাকায় ইজারা প্রদান করা হয়েছিল। কিন্তু উক্ত ভূমির উত্তরাংশে নির্বাচন ভবনের পূর্বপাশে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ভবন নির্মাণের স্বার্থে বিগত সভায় লীজ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক লীজকৃত ভূমির ইজারামূল্য সমন্বয়ক্রমে ইজারা গ্রহীতার প্রাপ্য অর্থ ফেরৎ প্রদান করার জন্য তিনি প্রস্তাব করেন।	লীজকৃত ভূমির ইজারামূল্য সমন্বয়পূর্বক প্রাপ্য অর্থ ইজারা গ্রহীতাকে ফেরৎ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
		(জ) তিনি উপজেলা পরিষদের জীপগাড়ি নং- হবি-ঘ-১১-০০২৬ এর ডিসেম্বর,২০২১ ও জানুয়ারি, ২০২২ মাসের গ্যাস ও জ্বালানী বিল=২৪,৯৪৬/- টাকা নভেম্বর,২০২১ ও ডিসেম্বর,২০২১ মাসের পেট্রোল অয়েল লুব্রিকেন্ট বিল=৭,৪৭০/- টাকা; উপজেলা পরিষদের জানুয়ারি,২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল=৩০,০০০/- টাকা; উপজেলা কমপ্লেক্সের ভিতরের রাস্তা মেরামত বাবদ=২৫,০০০/-টাকা; উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামত বাবদ=১,০০,০০০/- টাকা এবং উপজেলা পরিষদ ভবনের বৈদ্যুতিক কাজ ও মজুরী বাবদ= ২৫,০০০/- টাকা ব্যয় করার জন্য প্রস্তাব করেন।	উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে হেলে পড়া ঝুঁকিপূর্ণ গাছগুলো চিহ্নিত করে বিধি মোতাবেক কর্তন ও নিলামে বিক্রির সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর

২১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর অনুচ্ছেদ ২০(ঙ)(জ) এর প্রস্তাবানুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নে বর্ণিত ব্যয় অনুমোদনের জন্য গৃহীত হয়।

ক্র: নং	প্রস্তাবিত ব্যয়ের বিবরণ ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যানের ২০২০-২১ অর্থ বছরের মার্চ,২০২১ হতে জুন,২০২১ পর্যন্ত ভ্রমন ভাতা বিল ২৫,০০০/- টাকা এবং ২০২১-২২ অর্থ বছরের জুলাই,২০২১ হতে সেপ্টেম্বর,২০২১ পর্যন্ত ভ্রমন ভাতা বিল ২১,০০০/- টাকা সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর

০২	জনাব মাহবুবুর রহমান আউয়াল, ভাইস চেয়ারম্যানের ২০২০-২১ অর্থ বছরের মার্চ,২১ হতে জুন,২১ পর্যন্ত ভ্রমন ভাতা বিল ২৫,০০০/- টাকা এবং ২০২১-২২ অর্থ বছরের জুলাই,২১ হতে সেপ্টেম্বর,২১ পর্যন্ত ভ্রমন ভাতা বিল ২১,০০০/- টাকা সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৩	উপজেলা পরিষদের জীপগাড়ি নং-হবি-ঘ-১১-০০২৬ এর ডিসেম্বর,২০২১ ও জানুয়ারি, ২০২২ মাসের গ্যাস ও জ্বালানী বিল=২৪,৯৪৬/- টাকা নভেম্বর,২০২১ ও ডিসেম্বর,২০২১ মাসের পেট্রোল অয়েল লুব্রিকেন্ট বিল=৭,৪৭০/- টাকা সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
০৪	উপজেলা পরিষদের জানুয়ারি,২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল= ৩০,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
০৫	উপজেলা কমপ্লেক্সের ভিতরের রাস্তা মেরামত বাবদ=২৫,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী,হবিগঞ্জ সদর
০৬	উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামত বাবদ=১,০০,০০০/- টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিম্নের প্রকল্প কমিটির মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। **প্রকল্প কমিটি** ১। জনাব সুকান্ত ধর, উপজেলা কৃষি অফিসার,হবিগঞ্জ সদর ....সভাপতি ২। জনাব মো: জিয়া উদ্দিন,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর....সদস্য ৩। জনাব মো: এমদাদুল হক,উপসহকারী প্রকৌশলী,এলজিইডি,হবিগঞ্জ সদর ...সদস্য	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/প্রকল্প কমিটি, হবিগঞ্জ সদর
০৭	উপজেলা পরিষদ ভবনের বৈদ্যুতিক কাজ ও মজুরী বাবদ=২৫,০০০/- টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী,হবিগঞ্জ সদর

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হবিগঞ্জ সদর

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১২.২০২২-৮৬(৪০)

তারিখ : ২৭ জানুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৮। চেয়ারম্যান ....ইউপি(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৯। ....সদস্য(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

27.01.2022
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর